বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
bgfcl.org.bd

**২৮ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৯৬তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **২৮ এপ্রিল ২০২৫** |
| সভার সময় | **দুপুর ৩.০০ টা** |
| স্থান | **বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া** |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক এপ্রিল '২৫ মাসের/৯৬তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। বিজিএফসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ১৫-৪-২০২৫ তারিখে যোগদানের পর ১ম সমন্বয় সভা বিধায় সভার শুরুতে তিনি তাঁর পরিচয় ও কর্মজীবনের সংক্ষিপ্ত বর্ণনা দিয়ে সভায় উপস্থিত সকলের পরিচিতি অবহিত হন। তিনি সকলের সম্মিলিত কর্মপ্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতির পাশাপাশি দেশের উন্নয়নে অবদান রাখার আশাবাদ ব্যক্ত করেন এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ জানালে তিনি বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **২.০১।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/ স্থাপন। | মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। বোর্ড সভার অনুমোদনের জন্য কার্যপত্র প্রণয়ন করা হচ্ছে। | প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি মূল্যায়ন অনুমোদনের বিষয়টি আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| **৩.০১।** | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, তিতাস-ই এবং জি লোকেশনে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে ফাউন্ডেশন, ট্যাংক নির্মাণ, কন্ট্রোল বিল্ডিং, এমসিসি বিল্ডিং ও জেনারেটর বিল্ডিং নির্মাণ কাজ চলমান আছে। কম্প্রেসর, ইঞ্জিন, কুলার ও সেপারেটর সহ প্রায় ৭৫% মালমাল সাইটে পৌঁছেছে।<br><br>ব্যয়বৃদ্ধিসহ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি করে ৩১-১২-২০২৬ নির্ধারণের বিষয়টি পেট্রোবাংলার ২৫-৩-২০২৫ তারিখের বোর্ড সভায় অনুমোদিত হয়। লিকুইডিটি সার্টিফিকেট সংগ্রহের নিমিত্ত প্রয়োজনীয় দলিলাদি ২৩-৪-২০২৫ তারিখে ইএমআরডি থেকে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। লিকুইডিটি সার্টিফিকেট পাওয়ার পর তা আরডিপিপি-তে সংযুক্ত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। | ১। প্রকল্পের যাবতীয় মালামালের শিপমেন্ট দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২। ওয়েলহেড কম্প্রেসর স্থাপন, টেস্টিং ও কমিশনিং দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>৩। প্রকল্পের ডিপিপি'র সংশোধন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের অধীনে তিতাস-১৬ এর পুনরায় ওয়ার্কওভার সম্পন্ন শেষে DST পরিচালিত হচ্ছে। এছাড়া, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ওয়ার্কওভারের বৈদেশিক মালামাল ক্রয় সংক্রান্ত প্রাপ্ত দরপত্রসমূহের মূল্যায়ন চলছে। | তিতাস-১৬নং কূপের ওয়ার্কওভার সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন শেষে পরবর্তী ওয়ার্কওভার দ্রুত শুরু করার লক্ষ্যে কার্যক্রম এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্সের সাথে ২০-৩-২০২৫ তারিখে চুক্তি সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে বাপেক্স কর্তৃক ৩টি ক্যাটাগরির (Explosive, QC & Field Processing Equipment and Drilling Machine with Accessories) মালামাল ক্রয় সংক্রান্ত Purchase Order ইস্যু করা হয়েছে। ১টি ক্যাটাগরির (Recording System with Hardware & Softwre) মালামাল সংগ্রহ সংক্রান্ত দরপত্রের কারিগরি মূল্যায়ন অনুমোদন হয়েছে, বর্তমানে আর্থিক মূল্যায়ন প্রক্রিয়াধীন আছে। | বাপেক্স-এর মাধ্যমে যথাসময়ে ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম শুরু করার নিমিত্ত সচেষ্ট থাকতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৪। | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য ১০-০৪-২০২৫ তারিখে খনন ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয় এবং চুক্তির আলোকে প্রয়োজনীয় Letter of Credit(LC) খোলার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কূপ খনন কাজে ৩টি ক্যাটাগরিতে পরামর্শ নিয়োগের নিমিত্ত RFP ডকুমেন্টের বিপরীতে প্রাপ্ত Proposal সমূহ মূল্যায়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া তিতাস কূপ নং-২৮, ২৯ ও ৩০ এর ড্রিলিং প্যাড ঠিকাদার কর্তৃক সেন্ড ফিলিং এর কাজ চলমান রয়েছে এবং চুক্তির সর্বশেষ সীমা ২৩-০৬-২০২৫ তারিখ পর্যন্ত। অনুমোদিত ডিপিপি'র আলোকে অন্যান্য পূর্ত কাজসমূহের দরপত্র কার্যক্রম চলমান রয়েছে। | তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০ এর ড্রিলিং প্যাড এ ভূমি উন্নয়নের কাজ মে-২০২৫ মাসের মধ্যে শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ডিপিপি'তে উল্লেখিত কাজসমূহ যথাসময়ে সম্পাদন এবং খনন মালামাল দ্রুত সাইটে পৌঁছানোর বিষয়ে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৫। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিংসহ) অন্তর্ভুক্ত আছে। এছাড়া, ২০২৬-২৮ মেয়াদে সম্পাদিতব্য ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। | পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় কোম্পানির উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | **বর্তমানে প্রস্তাবিত ৫টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |
| | ক) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর (Deep) অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি ২০-৪-২০২৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদন হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ১-৭-২০২৫ থেকে ৩১-৭-২০২৭। টার্ণ-কি ভিত্তিতে কার্য সম্পাদনের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত দরপত্রের মূল্যায়ন বাপেক্স-এর বোর্ডে অনুমোদন হয়েছে। কোম্পানি কর্তৃক তিতাস কূপের জন্য অধিযাচনকৃত ভূমি হস্তগত হলে নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে ভূমি উন্নয়ন কাজ সম্পাদন করা হবে। অপরদিকে বাখরাবাদ ফিল্ডের গভীর অনুসন্ধান কূপ খনন এলাকার অধিযাচনতব্য ভূমির যৌথ জরিপ সম্পন্ন শেষে ভূমির অধিযাচন সংক্রান্ত অনুমোদন পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের কার্যক্রম যথাসময়ে শুরু করার জন্য বাপেক্স-এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে এবং ভূমি উন্নয়ন কর্মপরিকল্পনা এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সমন্বয়ক |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের জন্য নিজস্ব ও জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য কোম্পানি বোর্ড-এর অনুমোদনক্রমে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমন্বয়ক তিতাস-সি লোকেশনের তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প ও ZICOM-এর অফিস/আবাসন প্রকল্প কার্যক্রম শুরুর পূর্বে স্থানান্তর করা প্রয়োজন হবে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | তিতাস ফিল্ডে ০২টি নতুন কূপ তিতাস-৩২ ও ৩৩ খননের জন্য গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>তিতাস-৩৩নং কূপ এলাকায় অবস্থিত অস্থায়ী আনসার ক্যাম্প ও ZICOM-এর অফিস/আবাসন প্রকল্প কার্যক্রম শুরুর পূর্বে স্থানান্তরের নিমিত্ত সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | গ) তিতাস-১৫ নং কূপ ওয়ার্কওভার প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, তিতাস ফিল্ডের ১৫নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ করা হচ্ছে। জিওবি অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পটি গ্রহণের লক্ষ্যে ফিসিবিলিটি স্টাডির জন্য আইআইএফসি-র সাথে কার্যক্রম চলমান আছে। | তিতাস ফিল্ডের ১৫নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম এগিয়ে নিতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| ৩.৬। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | উপমহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের আবেদন করা হলে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি সরেজমিনে পরিদর্শন করেন এবং Fire Plan বাস্তবায়ন করলেই হবে, Fire License-এর প্রয়োজন হবেনা মর্মে মতামত প্রদান করেন। | কোম্পানির প্রধান কার্যালয়ের অগ্নি নিরাপত্তার ক্ষেত্রে অনুমোদিত Fire Plan বাস্তবায়নই যথেষ্ট হবে, এতদসংক্রান্ত সংশ্লিষ্ট সরকারি দপ্তরের পত্র সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৭। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের ECC শীঘ্রই পাওয়া যাবে। বাখরাবাদ ফিল্ডের ETP স্থাপন কার্যক্রম নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। এছাড়া, নতুনভাবে গৃহীতব্য তিতাস-৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য ECC যথাসময়ে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে উপমহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br><br>তিতাস-৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য ECC যথাশীঘ্র সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সচেষ্ট আছে। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিসমূহ কাজ করছে। | APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |


| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৯। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, এ বছরের জন্য গৃহীত উদ্ভাবনী (Innovation) কার্যক্রম হিসেবে প্রণীত Gas production Report Automation শীর্ষক সফটওয়্যারটির অপারেটিং বিষয়ে সহসাই সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করা হবে। অতঃপর সফট্ওয়্যারটি ব্যবহারের নিমিত্ত অপারেশন ডিভিশনকে বুঝিয়ে দেয়া হবে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথির উপর একটি প্রশিক্ষণ হয়েছে। বর্তমানে ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ৯৯.০৫% যা ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | উদ্ভাবনী (Innovation) কার্যক্রম Gas production Report Automation সফটওয়্যারটি যথাশীঘ্র সম্পূর্ণভাবে চালু করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম আরও বাড়াতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৪.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | ক) প্রধান কার্যালয় গোকর্ণঘাট এলাকা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার প্রায় সম্পূর্ণ পথস্বত্বে (ROW) স্থায়ী পিলার বসানো হয়েছে। উক্ত পথস্বত্বের কিছু অংশে পাবলিক ডিসপুট আছে যা সমাধানের প্রচেষ্টা অব্যাহত আছে। তাছাড়া, ভূমি দখলমুক্ত করার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে। | পথস্বত্ব (ROW) দখলমুক্ত রাখার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট)/(নিরাপত্তা) |
| | খ) কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের পথস্বত্ব (ROW) সহ ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদকরণের লক্ষ্যে জোর প্রচেষ্টা চালানো হয়। ফলে, ফিল্ডের সর্বমোট ১৯.৭৩০০ একর ভূমির মালিকানা স্বত্ব সংক্রান্ত ঘোষণাপত্র এবং ফিল্ডের নামে সমূদয় সম্পত্তির গেজেট জারি হয়েছে যার কপি হস্তগত হয়েছে। ফিল্ডের ৪টি মৌজার অধিকাংশ ভূসম্পত্তির নামজারি সম্পন্ন হয়ছে। তবে, ৩টি মৌজার প্রায় ২.৮২ একর ভূসম্পত্তির নামজারির জন্য পূর্বের আবেদনের পরিবর্তে বর্তমানে নতুন সিস্টেমে এবং জারিকৃত গেজেট সংযুক্ত করে নতুনভাবে আবেদন করতে সংশ্লিষ্ট ভূমি অফিস কর্তৃক বলা হয়েছে। | কামতা ফিল্ডের ভূ-সম্পত্তির অবশিষ্ট অংশের নামজারি সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| | গ) বাখরাবাদ ফিল্ড সংলগ্ন কোম্পানির ভূ-সম্পত্তি। | সভাকে অবহিত করা হয় যে, গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির প্রায় ৪৩ একর ভূমির কাগজপত্র সংগ্রহ করা হয়েছে। উক্ত ভূমির রেকর্ড হালনাগাদকরণ ও খাজনা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া, বাখরাবাদ-সি থেকে লোকেশন-এ পর্যন্ত পথস্বত্ব (ROW)-তে স্থায়ী পিলার নির্মাণের কাজ নিয়েজিত ঠিকাদার কর্তৃক সম্পাদন করা হচ্ছে। | গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির বাখরাবাদ ফিল্ডের ভূমির রেকর্ড হালনাগাদকরণ ও খাজনা পরিশোধ কাজ তরান্বিত করতে হবে।<br><br>বাখরাবাদ-সি থেকে লোকেশন-এ পর্যন্ত পথস্বত্ব (ROW)-তে স্থায়ী পিলার নির্মাণ কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ঘ) নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় দালান-কোঠা পুনর্নির্মাণ। | সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সংশ্লিষ্ট দালানকোঠা পুনঃর্নিমাণ কাজ সম্পাদনে অর্থ বিভাগের অনাপত্তি পাওয়া যায়নি। তবে, ফিল্ডের কর্মকর্তাদের আবাসনভূক্ত ভূমি অধিগ্রহন হওয়ায় নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে আবাসনের ব্যবস্থা করা অতীব গুরুত্বপূর্ণ। ফলে, প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য বিষয়টি পুনরায় কোম্পানির বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ হওয়ায় কর্মকর্তাদের আবাসনের পুনঃর্নিমাণ কাজ সম্পাদন সংক্রান্ত প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য বিষয়টি পুনরায় কোম্পানির পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/(পুরকৌশল) |
| ৪.২। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। কোম্পানির ভূ-সম্পত্তির অন্তর্গত পুকুর ও খালি জমি ব্যবহার্য রাখার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারী কল্যাণ তহবিলকে লিজ প্রদান করা যেতে পারে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>কামতা ফিল্ডের উলুখোলা বাজার এবং মেঘনা ফিল্ডের মরিচাকান্দি বাজার এলাকাস্থ কোম্পানির ভুমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দিতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| **৫.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৫.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে উচ্চ আদালতে ২৫টি (ভূমি সংক্রান্ত-২টি, প্রশাসনিক-১৫টি ও অর্থ মামলা-৮টি) এবং নিম্ন আদালতে ২২টি (ভূমি সংক্রান্ত-১৩টি, প্রশাসনিক-৭টি ও অর্থ মামলা-২টি) সর্বমোট ৪৭টি মামলা ছিল। ফেব্রুয়ারি'২৫ মাসে ভূমি সংক্রান্ত নিম্ন আদালতের ১টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে ৪৬টি মামলা রয়েছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে। | কোম্পানি সচিব ও উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৬.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৬.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্তকরণ সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/(পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৬.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অবলোপনকৃত মালামাল উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে উত্তীর্ণ নিলাম-প্রাপ্ত প্রতিষ্ঠানকে বুঝিয়ে দেয়া হয়েছে। পুনরায় অকেজো/ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/(প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | কোম্পানির নন-মুভেবল স্ক্র্যাপ মালামাল অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার স্মারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। | বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/ স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৭.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৭.১। | হাই প্রেশার ওয়েল্ডার হিসেবে দক্ষ জনশক্তি তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির একজন প্রাক্তন ও দক্ষ হাই প্রেশার ওয়েল্ডারের মাধ্যমে নবাগতদের হাই প্রেশার ওয়েল্ডিং প্রশিক্ষণ চলমান আছে। | হাই প্রেশার ওয়েল্ডিং-এ প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) |
| ৭.২। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। কোম্পানির ভিজিলেন্স কমিটি কর্তৃক নিরাপত্তা-পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে গৃহীত কার্যক্রম আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পরিচালনা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৭.৩। | কোম্পানির চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসার ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। পরিচালনা বাজেটের সার্বিক কার্যক্রমে ব্যয় সংকোচন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৮.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভাকে অবিহিত করেন যে, কোম্পানির অপারেশনাল ব্যয়ের ক্ষেত্রে ত্রৈমাসিক ব্যয় পর্যালোচনায় কয়েকটি খাতে বাজেট ভেরিয়েন্স পরিলক্ষিত হচ্ছে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সচেষ্ট থাকার আহ্বান জানান। তিনি কোনো ব্যয় সংঘটনের পূর্বে বাজেট ছাড় গ্রহণের অনুরোধ জানান। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৫ বৈশাখ ১৪৩২
২৮ এপ্রিল ২০২৫



১২-০৫-২০২৫
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১৮.০০০১.২৫.৫০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিজিএফসিএল।।
৪। ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৬। ব্যবস্থাপক (মেঘনা) (অতিরিক্ত দায়িত্ব), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৭। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৩-০৫-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক